সংবাদ

তারিখ 23 NOV 2016
পৃষ্ঠা ১০ কলাম ৬

# সুন্দরগঞ্জে প্রধান শিক্ষক নেই ৪৬ বিদ্যালয়ে

## সহকারী শিক্ষক পদ শূন্য ৯৭

প্রতিনিধি, সুন্দরগঞ্জ (গাইবান্ধা)

গাইবান্ধার সুন্দরগঞ্জ উপজেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৪৬টি প্রধান শিক্ষক পদসহ ৯৭টি শিক্ষকের পদ শূন্য থাকায় প্রাথমিক শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে। জানা গেছে, সরকার প্রাথমিক স্তরে শতভাগ শিক্ষা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বিভিন্ন পরিকল্পনা হাতে নিলে এ উপজেলায় ১৫ ইউনিয়ন ও পৌর এলাকায় ২'শ ৫০টি সরকারি প্রাথমিক বিদ্যালয় গড়ে ওঠে । এদিকে বিদ্যালয়গুলোতে শতভাগ শিক্ষার্থী থাকলেও ৪৬টি প্রধান শিক্ষক ও ৫১টি সহকারি শিক্ষকের পদ শূন্য থাকায় মানসম্মত প্রাথমিক শিক্ষা মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। বিশেষ করে চরাঞ্চলের বিদ্যালয়গুলোতে ওই সকল শিক্ষকের পদ শুণ্য থাকায় ঝরেপড়া শিক্ষার্থীর সংখ্যা দিনদিন বৃদ্ধিসহ বাল্যবিয়ের প্রকোপ্ত বেড়েই চলছে। নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন শিক্ষক জানান, শিক্ষকের পদগুলো শূন্য থাকায় কোমলমতি শিক্ষার্থীদের পাঠদান ব্যাহত হচ্ছে। এনিয়ে উপজেলা শিক্ষা অফিসার আনোয়ারুল ইসলামের সঙ্গে কথা হলে তিনি শিক্ষকের পদ শূন্য থাকার বিষয়টি স্বীকার করে জানান, যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রধান শিক্ষক নেই সেখানে জ্যৈষ্ঠতার ভিত্তিতে সহকারী শিক্ষকেই প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করছেন। শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে শিক্ষক সংকটের কারণে পাঠদান ব্যাহত হচ্ছে ঠিকই তবে বিষয়টি তিনি উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে তালিকা আকারে পাঠানোর কথা জানিয়েছেন।